



প্রতিদিন বাকাশিবা এর ওয়েবসাইট  
(www.bteb.gov.bd) ভিজিট করুন এবং  
আপনার প্রতিষ্ঠানের ই-মেইল ওপেন করুন।

## বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
Website : www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০১.১৮.১৭৬

তারিখঃ ১১-১০-২০১৮ খ্রিঃ

### বিজ্ঞপ্তি

**বিষয়ঃ ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ও ডিপ্লোমা ইন মেডিক্যাল টেকনোলজি শিক্ষাক্রমে পাঠদানকারী শিক্ষকদের চলমান পর্বসমূহে পাঠদানের বিষয়ে হালনাগাদ তথ্য অনলাইনে এন্ট্রিকরণ সংক্রান্ত।**

এতদ্বারা বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ডের আওতাধীন **ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং** এবং **ডিপ্লোমা ইন মেডিক্যাল টেকনোলজি** শিক্ষাক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠানের অধ্যক্ষ/পরিচালক/প্রতিষ্ঠান প্রধানদের জানানো যাচ্ছে যে, চলমান ৫ম ও ৭ম পর্বসমূহে ক্লাস রুটিন মোতাবেক পাঠদানকারী সকল শিক্ষকদের হালনাগাদ তথ্য অত্র বোর্ডের Website -এ আগামী ১৫-১০-২০১৮ খ্রিঃ হতে ৩০-১০-২০১৮ খ্রিঃ পর্যন্ত Online -এ এন্ট্রি করার জন্য বলা হলো।

**তথ্য এন্ট্রির প্রক্রিয়াঃ** www.bteb.gov.bd ওয়েবসাইটের হোম পেইজে শিক্ষকদের তথ্য লিংকের ডিপ্লোমা লেভেল সাব-লিংকে নিজ প্রতিষ্ঠান কোড ও Password ব্যবহার করে ফরম্যাট অনুযায়ী হালনাগাদ তথ্য এন্ট্রি করতে হবে।

পরীক্ষা সংক্রান্ত বিভিন্ন কাজ যেমন- প্রশ্নপত্র প্রণয়ন, মডারেশন, উত্তরপত্র মূল্যায়ন, উত্তরপত্র নিরীক্ষণ ও প্রধান পরীক্ষণ ইত্যাদি কাজে এ তথ্য ব্যবহার করা হবে। এন্ট্রিকৃত শিক্ষকদের মধ্য হতেই উক্ত কাজে নিয়োগ প্রদান করা হবে। এন্ট্রিযোগ্য শিক্ষকদের নিজ নামে সোনালী ব্যাংকে অনলাইন হিসাব নম্বর ও সঠিক মোবাইল নম্বর অবশ্যই থাকতে হবে। কোনক্রমেই অন্যের নামের ব্যাংক একাউন্ট নম্বর ও মোবাইল নম্বর এন্ট্রি করা যাবে না। প্রতিষ্ঠানের অভিজ্ঞ শিক্ষকদের নাম যাতে বাদ না পরে সেদিকে লক্ষ্য রেখে এন্ট্রি করতে হবে। উল্লেখ্য, একজন শিক্ষকের নাম একাধিক প্রতিষ্ঠান হতে এন্ট্রি করা যাবে না।

উল্লেখ্য, বিগত পর্বে এন্ট্রি করা হলেও চলমান পর্বসমূহের ক্লাস রুটিন অনুযায়ী সকল শিক্ষকের নাম এবং সংশ্লিষ্ট বিষয়ে পাঠদানের হালনাগাদ তথ্য নতুন করে এন্ট্রি করতে হবে। এন্ট্রিকৃত শিক্ষকদের প্রিন্ট-আউট কপি ফরম ফিলাপের ডিডি জমা দেয়ার সময় (০১-১১-২০১৮ হতে ০৬-১১-২০১৮ তারিখ পর্যন্ত) বোর্ডের ডিপ্লোমা শাখায় (৯ম তলায়) জমা দিতে হবে।

স্বাক্ষরিত/-

(ড. সুশীল কুমার পাল)

পরীক্ষা নিয়ন্ত্রক

ফোনঃ ০২-৯১১৩২৮৩

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০১.১৮.১৭৬(১১)

তারিখঃ ১১-১০-২০১৮ খ্রিঃ

### অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
২. মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
৩. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিচালক (আইটিসি)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. অধ্যক্ষ/পরিচালক/প্রতিষ্ঠান প্রধান, ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং এবং ডিপ্লোমা ইন মেডিক্যাল টেকনোলজি শিক্ষাক্রম পরিচালনাকারী সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান।
৫. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক-গোপনীয়/সনদ/বিএম/ভোকঃ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. উপ-সচিব (রেজিঃ)/উপ-সচিব (প্রশাসন)/উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (নোটিশটি Website -এ প্রকাশ এবং স্কেফাল বারে প্রদর্শনসহ নির্দিষ্ট তারিখের মধ্যে Online -এ শিক্ষকদের তথ্য সংগ্রহ করার ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৮. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক- ডিপ্লোমা/কৃষি/টেক্সটাইল/শর্টকোর্স, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. নথি।

*(Signature)*

(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)

ফোনঃ ০২-৯১১৮৭৭৬